## সাধারন সভার কার্যবিবরণী

গত ১৮ জুন ২০২২ ইং তারিখ বিকাল ০৫:০০ ঘটিকায় অত্র সংগঠনের কার্যালয়ে {জহুরুল টাওয়ার (৮ম তলায়), বাড়ী নং-৯, রোড নং-১১৩/এ, গুলশান-২, ঢাকা) এক সাধারন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অত্র এসোসিয়েশনের এডহক কমিটির আহ্বায়ক জনাব এম জাহাঙ্গীর হোসেইন সভাপতিত্ব করেন।

**উপস্থিতিঃ**

| ক্র/নং | নাম | প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানে পদবী |
|---|---|---|---|
| ১ | জনাব এম জাহাঙ্গীর হোসেইন | থাই ইন্টারন্যাশনাল রিক্রিয়েশন লিঃ, মিরপুর-১২, ঢাকা | ব্যবস্থাপনা পরিচালক |
| ২ | জনাব নাজিম আফশিন চৌধুরী | রেডবাটন ক্যাটারিং সার্ভিসেস লিঃ, ফার্মগেট, ঢাকা | চেয়ারম্যান |
| ৩ | জনাব এম এইচ চৌধুরী নিরব | হোটেল সালামার রেষ্টুরেন্ট এন্ড বার, তেজগাঁও, ঢাকা | ব্যবস্থাপনা পরিচালক |
| ৪ | জনাব মোঃ নওসাদুল হাসান | হোটেল গ্রান্ড গ্যালাক্সী প্রাঃ লিঃ, ঢাকা | ব্যবস্থাপনা পরিচালক |
| ৫ | জনাব মোঃ আশরাফ হোসেন | সিউল রেষ্টুরেন্ট এন্ড বার, শেওড়াপাড়া, ঢাকা | ব্যবস্থাপনা পরিচারক |
| ৬ | জনাব মোঃ সেলিম উজ্জামান | আইরিশ পাব, ঢাকা | ব্যবস্থাপনা পরিচালক |
| ৭ | জনাব মোহাম্মদ জাহিদ আজম | হানিমুন রেষ্টুরেন্ট লিঃ, গাজীপুর | পরিচালক |
| ৮ | জনাব মীর মোঃ কালাম | পার্কভিউ কনভেনশন এন্ড রেষ্টুরেন্ট লিঃ, মিরপুর, ঢাকা | পরিচালক |
| ৯ | জনাব মোঃ সাফায়েত | ডমিনাস পিজা লিমিটেড, গ্রীনরোড, ঢাকা | পরিচালক |
| ১০ | জনাব মোঃ রমজান আলী হাওলাদার | ডিম্পল রেষ্টুরেন্ট এন্ড বার লিঃ, কুড়িল বিশ্বরোড, ঢাকা | পরিচালক |
| ১১ | জনাব মোহাম্মদ শামীম বিল্লাহ | ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিঃ, গুলশান-তেজগাঁও লিং রোড | পরিচালক |
| ১২ | জনাব মোঃ আসাদুজ্জামান খাঁন | লেকভিউ রিক্রিয়েশন ক্লাব লিঃ, গুলশান-১, ঢাকা<br>নেষ্ট রেষ্টুরেন্ট এন্ড বার, সেক্টর-১১, উত্তরা, ঢাকা | পরিচালক |
| ১৩ | জনাব মোঃ দিলদার হোসেন | হলিউড রেষ্টুরেন্ট লিঃ, শ্যামলী, ঢাকা | পরিচালক |
| ১৪ | জনাব রুহুল আমিন | পার্কভিউ কনভেনশন এন্ড রেষ্টুরেন্ট লিঃ, মিরপুর, ঢাকা | পরিচালক |
| ১৫ | জনাব আশরাফ খান | পিয়াসী রেষ্টুরেন্ট এন্ড বার, মগবাজার, ঢাকা | প্রতিনিধি |
| ১৬ | জনাব মোঃ শাহ্ আলম | রুচিতা রেষ্টুরেন্ট এন্ড বার, মহাখালী. ঢাকা | প্রতিনিধি |
| ১৭ | জনাব কানাই লাল বনিক | রেডবাটন ক্যাটারিং সার্ভিসেস লিঃ, ফার্মগেট, ঢাকা | প্রতিনিধি |
| ১৮ | জনাব সাইফুর রহমান স্বপন | ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিঃ, গুলশান-তেজগাঁও লিং রোড | প্রতিনিধি |
| ১৯ | জনাব ইব্রাহিম খলিল বাহার | কাশ্মীর ষ্টোর কোং লিঃ (অফ সপ), ঢাকা | প্রতিনিধি |
| ২০ | জনাব মারুফ হাসান | আরজে টাওয়ার হোটেল এন্ড রিসোর্ট, আশুগঞ্জ | প্রতিনিধি |

**আলোচ্য সূচী - ১ ঃ স্বাগত ভাষন ঃ** অদ্যকার সভায় সভাপতিত্ব করেন কমিটির আহ্বায়ক জনাব এম জাহাঙ্গীর হোসেইন, ব্যবস্থাপনা পরিচালক, থাই ইন্টারন্যাশনাল রিক্রিয়েশন লিঃ। সভাপতি উপস্থিত সকল সম্মানিত মালিক/প্রতিনিধিগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপস্থিত সকলকে সভাপতি অবহিত করেন যে, গত ০৫ মে ২০২২ ইং তারিখে বাণিজ্য মন্ত্রনালয় তাহাদের স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০১৮.২২.১৬৭ তারিখ ০৫ মে ২০২২ ইং এর মাধ্যমে সদয় হইয়া আমাদের এসোসিয়েশনের নামের ছাড়পত্র প্রদান করেন। সভায় উপস্থিত সকলে এই ছাড়পত্র দেওয়ায় বাণিজ্য মন্ত্রনালয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরে সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর জন্য কমিটির যুগ্ম আহ্বায়ক জনাব মোহাম্মদ জাহিদ আজম কে অনুরোধ করেন।

**আলোচ্য সূচী - ২ ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ** সভায় যুগ্ম আহ্বায়ক জনাব মোহাম্মদ জাহিদ আজম পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য হাউজে উথাপিত হইলে জনাব মোঃ আসাদুজ্জামান খাঁন, পরিচালক, লেকভিউ রিক্রিয়েশন ক্লাব লিঃ কার্যবিবরণী অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব মোঃ আশ্রাফ হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, সিউল রেষ্টুরেন্ট এন্ড বার প্রস্তাবের পক্ষে সমর্থন করিলে সর্বসম্মতিক্রমে তাহা গৃহীত হয় এবং পুর্ববর্তী সভার কার্যবিবরণীটি অনুমোদতি হয়।

যুগ্ম আহ্বায়ক
বাংলাদেশ হোটেল রেষ্টুরেন্ট এন্ড
[redacted]
বার ওনার্স এসোসিয়েশন

আহ্বায়ক / সভাপতি
বাংলাদেশ হোটেল রেষ্টুরেন্ট এন্ড
বার ওনার্স এসোসিয়েশন

**Mobile:** +8801310-543646
**E-mail:** bhrboa.bd@gmail.com
**Website:** www.bhrboa.com
**Office:** Zahurul Tower (7th Floor), House- 9 Road-113/A, Gulshan-2, Dhaka-1212.

**আলোচ্য সূচী-৩: বানিজ্য মন্ত্রনালয় কর্তৃক ইস্যুকৃত এসোসিয়েশনের নামের ছাড়পত্রের শর্তাবলীর উপর আলোচনা** ঃ সভার সভাপতি উপস্থিত সকলকে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রটি পড়ে শুনান। বিস্তারিত আলোচনা শেষে সকলের সম্মতিক্রমে নিম্নোক্ত শর্ত/চাহিদা সমূহের ব্যাপারে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অদ্যকার সাধারন সভায় একটি চুড়ান্ত এডহক কমিটি গঠন করা হবে যাহা পরবর্তী আইটেম আলোচনা হবে।

| ক্রঃ নং | DGTO কর্তৃক চাহিদা/শর্ত | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | খসড়া সংঘস্মারক ও সংঘবিধি প্রনয়ণ ও ৫ কপি দাখিল | একটি ল' ফার্ম দ্বারা সংঘস্মারক ও সংঘবিধি আগামী ৩১/০৮/২০২২ইং তারিখের মধ্যে প্রনয়ন চুড়ান্ত করা হইবে। |
| ০২ | সাধারন সভা সংক্রান্ত জাতীয় দৈনিক সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ | ইতিমধ্যে ০১ জুন ২০২২ ইং তারিখে সাধারন সভায় বিজ্ঞপ্তি দৈনিক যায়যায়দিন এর ৪র্থ পাতায় এবং Daily The New Nation পত্রিকার ২য় পাতায় প্রকাশিত হয় এবং অদ্যকার সভায় সম্মানিত সদস্যগণ উপস্থিত হন। |
| ০৩ | সাধারন সভার কার্যবিবরণী সত্যায়িত কপি | অদ্যকার সাধারন সভায় কার্যবিবরনী প্রচারান্তে সত্যায়িত কপি সংযুক্ত করা হইবে। |
| ০৪ | সাধারন সভায় উপস্থিত ব্যক্তিবর্গের নাম, ঠিকানা, মোবাইল নং, ই-মেইল ঠিকানা ও স্বাক্ষরিত হাজিরা তালিকা | অদ্যকার সভার হাজিরা তালিকাটি সংযুক্ত করা হইবে। |
| ০৫ | সংগঠনের উদ্যোক্তাদের হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট, আয়কর প্রত্যায়নপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করন | এডহক কমিটির সকল সদস্যের কাগজপত্র যুক্ত করা হইবে। |
| ০৬ | প্রস্তাবিত সংগঠনের Website এর ঠিকানা | Website Design শেষ পর্যায়ে আছে<br>Domain Name: www.bhrboa.com |

**আলোচ্য সূচী - ৪ ঃ এসোসিয়েশন পরিচালনার জন্য একটি পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটি গঠন** ঃ সভাপতি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, বাণিজ্য মন্ত্রণালয়ের চুড়ান্ত অনুমোদন হইতে নিবন্ধন কার্যক্রম পক্রিয়াধিন থাকায় সংঘবিধি মোতাবেক একটি পূর্ণাঙ্গ কমিটি গঠিত হওয়ার আগ পর্যন্ত এসোসিয়েশনের অন্তবর্তীকালীন দায়িত্ব পরিচালনার জন্য ০৯ সদস্যের একটি আহ্বায়ক কমিটি গঠন করা আবশ্যক। বিষয়টি সভার সদস্য সচিব যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ জাহিদ আজম প্রস্তাব আকারে পেশ করিলে তাহা প্রত্যেক উপস্থিত সদস্য বিস্তারিত আলোচনা শেষে সকল সদস্য হাত উত্তোলন করিয়া সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত আহ্বায়ক কমিটি গঠন করা হয়ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | আহ্বায়ক (সভাপতি) | - | জনাব এম জাহাঙ্গীর হোসেইন |
| (২) | যুগ্ম আহ্বায়ক (সেক্রেটারী) | - | জনাব মোহাম্মদ জাহিদ আজম |
| (৩) | সদস্য (সিনিয়র সহঃ সভাপতি) | - | জনাব নাজিম আফশিন চৌধুরী |
| (৪) | সদস্য (সহঃসভাপতি) | - | জনাব মোহাম্মদ শামীম বিল্লাহ |
| (৫) | সদস্য (পরিচালক) | - | জনাব মোঃ আশরাফ হোসেন |
| (৬) | সদস্য (পরিচালক) | - | জনাব রমজান আলী হাওলাদার |
| (৭) | সদস্য (পরিচালক) | - | জনাব মোঃ আসাদুজ্জামান খাঁন |
| (৮) | সদস্য (পরিচালক) | - | জনাব মোঃ সাফায়েত |
| (৯) | সদস্য (পরিচালক) | - | জনাব মীর মোঃ কালাম |

**আলোচ্য সূচী - ৫ ঃ এসোসিয়েশনের খসড়া সংঘস্মারক ও সংঘবিধি প্রনয়ণ কমিটি গঠন ও আইনজীবি নিয়োগ** ঃ সভায় উপস্থিত সকলের ঐক্যমতের ভিত্তিতে এসোসিয়েশনের খসড়া সংঘস্মারক ও সংঘবিধি প্রনয়নের জন্য এবং আইনজীবি নিয়োগের জন্য নিম্নোক্ত উপ-কমিটি গঠন করা হয় ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| (১) | উপ-কমিটি প্রধান - | আহ্বায়ক (সভাপতি) | - | জনাব এম জাহাঙ্গীর হোসেইন |
| (২) | সদস্য - | যুগ্ম আহ্বায়ক (সেক্রেটারী) | - | জনাব মোহাম্মদ জাহিদ আজম |
| (৩) | সদস্য - | সদস্য (সহঃসভাপতি) | - | জনাব মোহাম্মদ শামীম বিল্লাহ |

উক্ত উপ-কমিটি একজন আইনজীবির সাথে পরামর্শ করিয়া আগামী ০১ মাসের মধ্যে এসোসিয়েশনের খসড়া সংঘস্মারক ও সংঘবিধি প্রস্তুত করিয়া এসোসিয়েশনের আহ্বায়ক কমিটির নিকট উপস্থাপন করিবে বলিয়া সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

যুগ্ম আহ্বায়ক
বাংলাদেশ হোটেল রেষ্টুরেন্ট এন্ড বার ওনার্স এসোসিয়েশন

আহ্বায়ক / সভাপতি
বাংলাদেশ হোটেল রেষ্টুরেন্ট এন্ড বার ওনার্স এসোসিয়েশন

**আলোচ্য সূচী-৬ ঃ ব্যাংক হিসাব পরিচালনা উপ-কমিটি ঃ** অত্র এসোসিয়েশনের প্রিমিয়াম ব্যাংক লিঃ পল্লবী শাখার হিসাবটি নিম্নোক্ত উপ-কমিটি দ্বারা পরিচালিত হওয়ার বিষয়ে সর্ব সম্মতিক্রমে সাধারন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| (১) | আহ্বায়ক - | জনাব এম জাহাঙ্গীর হোসেইন |
| (২) | যুগ্ম আহ্বায়ক - | জনাব মোহাম্মদ জাহিদ আজম |
| (৩) | সাধারন সদস্য প্রতিনিধি- | জনাব মারুফ হাসান |

**আলোচ্যসূচী - ৭ ঃ অন্যান্য বিষয় ঃ** নাই।

**আলোচ্যসূচী - ৮ ঃ সভার সমাপ্তি ঘোষনা ঃ** সভায় আর কোন বিষয় আলোচনার জন্য না থাকায় সভাপতি অংশগ্রহনকারী সকল সম্মানিত মালিক/প্রতিনিধিগনকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে এবং এসোসিয়েশনের সাফল্য কামনা করে সভার সমাপ্তী ঘোষনা করেন।

মোহাম্মদ জাহিদ আজম
যুগ্ম আহ্বায়ক
তারিখ ঃ ২৬/০৬/২০২২

এম জাহাঙ্গীর হোসেইন
আহ্বায়ক
তারিখ ঃ ২৬/০৬/২০২২

অনুলিপি ঃ

১। সকল অংশগ্রহনকারী সদস্যবৃন্দ/প্রতিষ্ঠান সমূহ।
২। অফিস কপি।